

“উন্নয়নের অক্সিজেন রাজস্ব”



“জনকল্যানে রাজস্ব”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট  
[নিলাম শাখা]  
[www.mch.portal.gov.bd](http://www.mch.portal.gov.bd)

### E-Auction বিজ্ঞপ্তি

মোংলা বন্দর জেটিতে রাখিত আমদানিকৃত বিভিন্ন মডেলের রিকলিশন গাড়ী ও অন্যান্য মালামাল 'যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে' নিলাম সেল নং-০৮/২০২৪ এর বিপরীতে ২০/০১/২০২৫ খ্রি. তারিখে সিল্ড টেন্ডার ও E-Auction এর মাধ্যমে নিলামে বিক্রয়ের লক্ষ্যে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ০৬/০১/২০২৫ খ্রি. তারিখে এ দপ্তরের ওয়েবপোর্টালে ([mch.portal.gov.bd](http://mch.portal.gov.bd)) সংরক্ষিত মূল্যসহ সাময়িক ক্যাটালগ প্রকাশ করা হবে এবং আগামী ১৪/০১/২০২৫ খ্রি. তারিখে চূড়ান্ত ক্যাটালগ প্রকাশ করা হবে। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মুসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আগামী ০৮/০১/২০২৫ খ্রি. তারিখ হতে ০৯/০১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত (ক) মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর নিলাম শাখায় কর্মরত নিলামকারী প্রতিষ্ঠান মেসার্স কে এম কর্পোরেশন; (খ) মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্টান্ডরোড, মাঝিরঘাট, চট্টগ্রাম এবং (গ) মেসার্স কে এম কর্পোরেশন, জীবন বীমা ভবন, (২য় তলা) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা হতে ২০০/- (দুইশত) টাকা (অফেরংযোগ্য) মূল্যে দরপত্র ত্রুট্য করা যাবে। অনলাইনে দাখিলের ক্ষেত্রে দরপত্র ত্রুট্যের আবশ্যিকতা নেই। লটভুক্ত মালামাল আগামী ০৮/০১/২০২৫ খ্রি. ও ০৯/০১/২০২৫ খ্রি. তারিখ সকাল ০৯:৩০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

অনলাইনে দরপত্র দাখিলে আগ্রহী নিলামক্রেতাগণ আগামী ১৯/০১/২০২৫ সকাল ০৯:৩০ টা হতে ২০/০১/২০২৫ খ্রি. বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত [www.bangladeshcustoms.gov.bd](http://www.bangladeshcustoms.gov.bd) ওয়েবসাইট এ উল্লিখিত E-Auction Software (103.48.18.166/auction/501) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। অনলাইনে দাখিলকৃত দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যেকোন তফসিলি ব্যাংক হতে কমিশনার, মোংলা কাস্টম হাউস এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর ক্ষ্যান কপি অনলাইনে দাখিল করে এর মূলকপি ও প্রযোজ্য দলিলাদি ২৩/০১/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোংলা কাস্টম হাউস বরাবর দাখিল করতে হবে। উক্ত সময়ের মধ্যে মূল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি দাখিল বা পাওয়া না গেলে সংশ্লিষ্ট বিড বাতিল বলে গণ্য হবে।

সিল্ড টেন্ডারের ক্ষেত্রে আগামী ২০/০১/২০২৫ খ্রি. সকাল ০৯:৩০ টা হতে দুগুর ০১.০০ টা পর্যন্ত (ক) কমিশনার, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট; (খ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা; (গ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা, আইডিইবি ভবন (৪ষ্ঠ ও ৫ম তলা) ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০; এবং (ঘ) কাস্টম হাউস, চট্টগ্রাম অফিসে রাখিত দরপত্র বাক্সে দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের অন্যন ১০% জামানতসহ দরপত্র দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্র আগামী ২৬/০১/২০২৫ খ্রি. তারিখ বেলা ১১:০০ টায় সহকারী কমিশনার (নিলাম), মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষে দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ থাকবে। প্রাথমিক তথ্যের জন্য জনাব মোঃ শফিকুল ইসলাম, রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোবাইল ০১৭১১-২০৪০৯৮, নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্টান্ডরোড, মাঝিরঘাট, চট্টগ্রাম এর পক্ষে জনাব এ কে মুস্তাফিজুর রহমান, (চট্টগ্রাম) মোবাইল ০১৩১০-৭৮৮২৮০ এবং জনাব মোঃ আফাজুর রহমান, (ঢাকা) মোবাইল ০১৮২৩-৫৩০২২৫ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

Rubel  
24.12.24  
(মোঃ রুবেল হাসান)  
সহকারী কমিশনার  
মোংলা কাস্টম হাউস, মোংলা